# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 05 April, 2025

বাগেরহাটের কচুয়ায় ৬বছরের শিশুকে ধর্ষণ চেষ্টার অভিযোগে রিপন শেখ (২৬) নামের এক যুবককে গাছের সাথে ঝুলিয়ে গনধোলাই দিয়েছে এলাকাবাসী।পরে ঘটনাস্থল থেকে ওই যুবককে হেফাজতে নেয় কচুয়া থানা পুলিশ।শুক্রবার (৪ এপ্রিল) রাতে কচুয়া উপজেলার বাঁধাল ইউনিয়নের রঘুদত্তকাঠী এলাকায় এ ঘটনা ঘটে।শনিবার (০৫ এপ্রিল) বিকেলে আদালতের মাধ্যমে আটক যুবককে কারাগারে প্রেরণ করা হয়েছে।

আটক রিপন শেখ রঘুদত্তকাঠী এলাকায় আলতাফ শেখের ছেলে।

স্থানীয়রা জানান, রাতে একটি ভুট্টা খেতে শিশুটির কান্না শুনতে পায় তার বাবা।দেখে রিপন তার মেয়েকে ধর্ষনের চেষ্টা করছে।পরে স্থানীয়দের সাথে নিয়ে রিপনকে ধরে ফেলে তারা।এলাকাবাসী রিপনকে ধরে গাছের সাথে পা ঝুলিয়ে গনধোলায় দেয়।পরে পুলিশ রিপনকে নিজেদের হেফাজতে নেয়।

কচুয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ রাশেদুল আলম বলেন, শিশুর পিতা রিপনের বিরুদ্ধে ধর্ষণ চেষ্টার মামলা করেছেন।তাকে আদালতের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়েছে।

ধর্ষণ গনধোলাই পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 03:43

URL: https://www.timestodaybd.com/khulna/111297341